যুগান্তর

তারিখ ...12-SEP 2013 —
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ২

ছাত্রলীগ নেতার হাত-পায়ের রগ কেটেছে শিবির ক্যাডাররা

রংপুর ব্যুরো

রংপুর কারমাইকেল কলেজ

রংপুর কারমাইকেল কলেজের শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ও ব্যবস্থাপনা বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মোশাররফ হোসেনের দুই পা ও ডান হাতের রগ কেটে দিয়েছে শিবির ক্যাডাররা। বুধবার দুপুরে কলেজের লাইব্রেরি ভবনের পেছনে এ নৃশংস ঘটনা ঘটে। সেখানে দীর্ঘক্ষণ থাকার পর আহত মোশাররফকে আশংকাজনক অবস্থায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি ঘটলে তাকে শিবির : পৃষ্ঠা ১৯ : কলাম ৩

শিবির : রগ কেটেছে

(শেষ পৃষ্ঠার পর)

বিকালে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, রংপুর কারমাইকেল কলেজ ক্যাম্পাসে আবারও শিবিরের সশস্ত্র ক্যাডার বাহিনী সক্রিয় হয়ে উঠেছে। দীর্ঘদিন ক্যাম্পাসে ইসলামী ছাত্রশিবিরের রাজনৈতিক কর্মকাণ্ড নিষ্ক্রিয় থাকায় ক্যাম্পাস শান্ত ছিল। গত কয়েক দিন ধরে শিবিরের সশস্ত্র নেতাকর্মীরা ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকাণ্ডে সক্রিয় হয়ে ওঠায় ছাত্র সংগঠনগুলোর মধ্যে অস্থিরতা বিরাজ করছিল। এরই জের ধরে গতকাল ওই ছাত্রলীগ নেতার ওপর হামলা চালানো হয়। দুপুরে মোশাররফ হোসেন কলেজ শেষে ছাত্রাবাসে ফিরছিল। এ সময় মেটিরসাইকেল আরোহী হেলমেট পরিহিত ৩ শিবির ক্যাডার তার পথ রোধ করে দাঁড়ায়। তখন মোশাররফ হোসেন দৌড়ে পালানোর চেষ্টা করলে শিবির ক্যাডাররা তাকে ধাওয়া করে ধরে ফেলে। এক পর্যায়ে তারা মোশাররফকে এলোপাতাড়ি মারধর করে মাটিতে ফেলে দেয়। পরে হামলাকারীরা তাকে মাটিতে শুইয়ে ধারালো অস্ত্র দিয়ে শরীরের বিভিন্ন স্থানে কুপিয়ে জখম করে এবং দুই পা ও ডান হাতের রগ কেটে দেয়। এ সময় সে চিৎকার করলেও সশস্ত্র শিবির ক্যাডারদের ভয়ে তাকে সাহায্য করতে কেউ এগিয়ে আসতে সাহস পায়নি। ওই ঘটনার পর শিবির ক্যাডাররা সেখানে দাঁড়িয়ে উল্লাস করতে থাকে। এক পর্যায়ে অতিরিক্ত রক্ত ক্ষরণে সে অচেতন হয়ে পড়লে সেখান থেকে হামলাকারীরা চলে যায়। পরে গুরুতর অবস্থায় তাকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সেখানে অবস্থার অবনতি ঘটায় বিকালে ঢাকায় পাঠানো হয়। রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক নুরুন্নবী লাইজু জানান, মোশাররফের অবস্থা আশংকাজনক। তার প্রচুর রক্তক্ষরণ হয়েছে।

জেলা গোয়েন্দা বিভাগের এক সিনিয়র কর্মকর্তা জানান, কারমাইকেল কলেজ ক্যাম্পাস ও এর আশপাশের এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে এ হামলা চালানো হতে পারে। ছাত্রলীগের জেলা কমিটির সভাপতি তাপস কুমার জানান, কারমাইকেল কলেজ ক্যাম্পাস থেকে গত শনিবার শিবির ক্যাডার মনোয়ার হোসেনকে ধরে পুলিশে সোপর্দ করে ছাত্রলীগ কর্মীরা। এ ঘটনার জের ধরে এ হামলা হতে পারে।

এদিকে ছাত্রলীগ নেতার পায়ের রগ কাটার পর কলেজ এলাকায় ছাত্রশিবির ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। কারমাইকেল কলেজ ও এর আশপাশের এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

রংপুর কোতোয়ালি থানার ওসি শাহবুদ্দিন খলিফা জানান, হামলাকারীদের ধরতে পুলিশ অভিযান শুরু করেছে। মোশাররফ হোসেনের বাড়ি নীলফামারী জেলার সদর উপজেলার কচুয়া গ্রামে।